গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জন কার্যালয়
চট্টগ্রাম
www.cs.chittagong.gov.bd

স্মারক নং- সিএসসি/জনবল নিয়োগ/২০২৫/৪৪৩৬ তারিখঃ ২৮/১০/২০২৫খ্রিঃ.

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- প্রশা-১/এডি/২সি-৬/৯৫-৩৪৯৩ তারিখ- ৩০ সেপ্টেম্বর ২০২৫ইং মোতাবেক সিভিল সার্জন কার্যালয়, চট্টগ্রাম ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহের রাজস্ব খাতে (১১-২০ গ্রেডে) নিম্নলিখিত পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে "২০১৮ সনের স্বাস্থ্য বিভাগীয় নিয়োগ বিধি" অনুযায়ী চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দাদের (বাংলাদেশের প্রকৃত নাগরিক) নিকট হতে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে (Online) http://csctg.teletalk.com.bd আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড ও স্কেল ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যানবিদ | ০৫ (পাঁচ) | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/গণিত/ অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ০২ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৫ (পনেরো) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট, ডাটা এন্ট্রির কাজে অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২০ শব্দ এবং ইংরেজিতে অন্যূন ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৩ | স্বাস্থ্য সহকারী | ১৩৪ (একশত চৌত্রিশ) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪ | স্টোর কিপার | ০৪ (চার) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) চুড়ান্ত নিয়োগ প্রাপ্তদের সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করিতে হবে। |
| ০৫ | গাড়ি চালক | ০৩ (তিন) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স।<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৬ | অফিস সহায়ক | ১০ (দশ) | ( গ্রেড-২০) (৮২৫০-২০,০১০/-) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদনের শর্ত ও নির্দেশনাবলী :**

১। আবেদন পত্রে, লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

২। আগ্রহী প্রার্থীগণ http://csctg.teletalk.com.bd ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক Online আবেদন করতে পারবেন। সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ প্রকাশিত সংশোধনী / বিধিবিধান প্রতিপালিত হবে।

৪। আবেদনকারীর বয়স ২৯/১০/২০২৫খ্রি: তারিখে সর্বনিম্ন ১৮ (আঠারো) এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রতিপালিত হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদে প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমাণিত হবে।

৫। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক (নির্ধারিত বয়স সীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (NOC) এর মূল কপি বাধ্যতামূলক ভাবে জমা দিতে হবে।

৬। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সেক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) উল্লেখ সহ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

৭। ৩ নং ক্রমিকের পদের ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণও আবেদন করতে পারবেন। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ডের যোগ্য প্রার্থীদেরকে নির্বাচন করা হবে।

৮। স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিতে) সিভিল সার্জনের কার্যালয় এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে পাওয়া যাবে।

৯। প্রার্থী কর্তৃক প্রদত্ত যেকোন তথ্য গোপন, অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন প্রকারের প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরেও যেকোন পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ সরাসরি বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১১। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

১২। ক্রমিক নং ১,২ ও ৫ নং ক্রমিকের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহন করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবে। ৩, ৪ ও ৬ নং ক্রমিকের প্রার্থীরা লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলেই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবে।

১৩। **আবেদনের সময়সীমা ও নিয়মাবলী/শর্তাবলী নিম্নরূপঃ**

(ক) Online-এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ৩০/১০/২০২৫ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে।

(খ) Online-এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় ১৯/১১/২০২৫ খ্রি. বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত।

(গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১৪। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100 kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 kb এর মধ্যে হতে হবে।

১৫। Onlineএ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৬। প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

১৭। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ-**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s Copy পাবেন। উক্ত Applicant`s Copy প্রার্থী প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant`s Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং পরবর্তীতে User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি এসএমএস করে পরীক্ষার- ফি বাবদ ক্রমিক নং ০১ হতে ০৫ পর্যন্ত পদের জন্য (১০০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ) মোট ১১২/-(একশত বারো) টাকা অফেরতযোগ্য এবং ক্রমিক নং-০৬ পদের জন্য (৫০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ০৬/- টাকাসহ) মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অফেরতযোগ্য অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**১ম এসএমএস :**

**CSCTG**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : csctg ABCDEF
Reply sms : Applicant`s name...Tk.112/56......will be charged as application fee. Your PIN is XXXXXXXXXXX. To pay fee type CSCTG <space>YES<space>PIN and send to 16222

**২য় এসএমএস :**

**CSCTG**<space>**YES**<space>**PIN**লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : CSCTG YES XXXXXXXXXXX
Reply sms : Congratulations Applicant`s Name, Payment completed successfully for csctg for Application for xxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

১৮। **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://csctg.teletalk.com.bd **অথবা** www.cs.chittagong.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্যপ্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

১৯। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময় অবশ্যই প্রদর্শন করবেন।

২০। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(ক) User ID জানা থাকলে : **CSCTG**<space>**Help**<space>**User**<space>**User ID** and send to 16222.
Example : csctg Help User ABCDEF

(খ) PIN Number জানা থাকলে : **CSCTG**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** and send to 16222
Example : CSCTG Help PIN 12345678.

২১। Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে alljobs.query@teletalk.com.bdঅথবা টেলিটক নম্বর থেকে 121 নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbd Teletalk প্রবেশ করিয়া মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাইবে, অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাইবে। (Mail /মেসেজ এর Subject-এ Organization Name: CSCTG, Post Name, Applicant's User ID ও contact number অবশ্যই উল্লেখ করিতে হইবে)।

২২। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে) এবং প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য সিভিল সার্জনের কার্যালয়, চট্টগ্রাম এর নোটিশ বোর্ডের মাধ্যমে **অথবা** ওয়েবসাইটে (www.cs.chittagong.gov.bd) জানা যাবে।

২৩। প্রাথমিকভাবে যাচাই-বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং **এক সেট সত্যায়িত অনুলিপি** জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখ সহ) কর্তৃক সত্যায়িত হতে হবে।

২৪। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে;

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূলসনদপত্র/সাময়িক সনদপত্র/প্রত্যয়নপত্র/অনুমতিপত্র।

(খ) জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) নাগরিকত্ব সনদ ।

(গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্র ।

(ঘ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।

(ঙ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(চ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে জেলা সমাজ সেবা কার্যালয়ের উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটারে দক্ষতার প্রমাণস্বরূপ সনদপত্র।

(জ) ডাউনলোডকৃত Applicant's এবং Admit Card এর রঙিন প্রিন্ট কপি।

(ঝ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র/প্রমাণক।

(ঞ) আবেদনকারীর সাথে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র বা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

২৫। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।

২৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনলাইনে আবেদন ও নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো প্রকার আপত্তি উত্থাপন করা যাবে না।

২৭। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সিভিল সার্জনের কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে(www.cs.chittagong.gov.bd )পাওয়া যাবে। এছাড়া QR Code স্ক্যানের মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/csctg ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

২৮। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হইলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়িলে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে সরাসরি প্রার্থীতা বাতিল করা হইবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

28-10-25
(ডা. জাহাঙ্গীর আলম)
সিভিল সার্জন
চট্টগ্রাম।
ও
সদস্য সচিব
১১-২০ গ্রেড জনবল নিয়োগ কমিটি, চট্টগ্রাম।

স্মারক নং- সিএসসি/জনবল নিয়োগ/২০২৫/৪৪৩৬/৩৬ তারিখঃ ২৮/১০/২০২৫খ্রিঃ.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

০১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আর্কষণঃ উপসচিব (প্রশাসন-১ শাখা)।
০২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী , ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক ( সমন্বয়)।
০৩. পরিচালক (প্রশাসন / অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
০৪. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ।
০৫. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৬. উপসচিব (প্রশাসন -১ অধিশাখা ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৭. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
০৮. পুলিশ সুপার, চট্টগ্রাম।
০৯. উপ-পরিচালক, আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ সরকারি কর্মকমিশন ,চট্টগ্রাম।
১০. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড/বিটিসিএল ,চট্টগ্রাম।
১১. .....................................................................সদস্য সকল, ১১-২০ গ্রেড জনবল নিয়োগ কমিটি, চট্টগ্রাম।
১২. জেলা তথ্য কর্মকর্তা,জেলা তথ্য অফিস, চট্টগ্রাম ।
১৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনাকর্মকর্তা-----------------------------(সকল), চট্টগ্রাম।
১৪. -----------------------------------------------------কর্মকর্তা, চট্টগ্রাম।
১৫. সম্পাদক..........................................
১৬. নোটিশ বোর্ড , অত্র কার্যালয়।
১৭. সংশ্লিষ্ট নথি|

28-10-25
সিভিল সার্জন
চট্টগ্রাম।